

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম

সমস্ত দফাগুলির সঠিক উত্তর লিপিবদ্ধ করার জন্য একজন দায়িত্বশীল অফিসার দরখাস্তকারীকে যথাযথভাবে প্রশ্ন করিবেন। কারণ কোন কিছু বাদ গেলে দেবী হওয়ার সম্ভাবনা থাকিতে পারে ও পরিচিতির ক্ষেত্রে বিভ্রান্তির সৃষ্টি হইতে পারে।

প্রার্থী যে পদে নিযুক্ত হইবেন সেই পদের নামঃ .....

১ম ভাগ (প্রার্থী নিজে পূরণ করিবেন)

১। ডাক নাম থাকিলে তৎসহ পুরা নাম (স্পষ্টাক্ষরে) ও জাতীয়তাঃ-

২। পিতার পুরো নাম ও চাকুরীতে থাকিলে পদের নাম এবং জাতীয়তাঃ-

৩। বাড়ির পুরো ঠিকানা (অর্থাৎ গ্রাম, ডাকঘর, থানা ও জেলা):-

৪। বর্তমান বাসস্থানের ঠিকানাঃ-

৫। প্রার্থী যেইসব স্থানে বিগত পাঁচ বৎসরে, ছয় মাসের অধিক অবস্থান করিয়াছেন সেইসব স্থানের ঠিকানাঃ

ক্রম	ঠিকানা	তারিখ হইতে	তারিখ পর্যন্ত

৬। জন্ম তারিখ (প্রার্থীর মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষার সার্টিফিকেট অনুযায়ী):

৭। জন্মস্থান (গ্রাম, থানা, জেলা ইত্যাদি উল্লেখ করিতে হইবে):

৮। প্রার্থী পনেরো বৎসর হইতে যেসব বিদ্যালয়, মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করিয়াছেন সেই সব শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও বৎসর উল্লেখ পূর্বক শিক্ষাগত যোগ্যতাঃ

ক্রম	উত্তীর্ণ পরীক্ষাসমূহের নাম	বিদ্যালয়, মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় ইত্যাদির নাম	রোল নম্বর	ভর্তির তারিখ (বৎসর/সেশন)	পরিত্যাগের তারিখ	অর্জনকৃত বিভাগ/জিপিএ/সিজিপিএ

৯। অফিসে বা ব্যবসায় প্রতিষ্ঠানে প্রার্থী পূর্বে চাকুরী করিয়া থাকিলে উহার পূর্ণ বিবরণ ও ঠিকানা এবং সেইগুলি পরিত্যাগের কারণঃ

ক্রম	অফিস/ব্যবসায়/প্রতিষ্ঠান (ঠিকানা সহ)	তারিখ হইতে	তারিখ পর্যন্ত	কর্মরত থাকিলে লিখিতে হইবে	পরিত্যাগের কারণ

১০। বাংলাদেশ সেনাবাহিনীর অধীনে প্রার্থী পূর্বে চাকুরী করিয়া থাকিলে অব্যাহতি সার্টিফিকেটে চাকুরীর মেয়াদে কি কি দায়িত্ব পালন করিয়াছেন এবং চরিত্র ও আচার ব্যবহার সম্পর্কিত রিপোর্টের সংশ্লিষ্ট বিবরণ উল্লেখ্য করিতে হইবে।

১১। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা কিনা? (হ্যাঁ/না) .....

[ক] মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হইলে সেই মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেটের সত্যায়িত কপি সঙ্গে দিতে হইবে।

খ) মহিলা মুক্তিযোদ্ধার সন্তান হইলে অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তান হইলে তিনি যে মহিলা মুক্তিযোদ্ধার সন্তান বা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তান এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রত্যয়নপত্র সঙ্গে দিতে হইবে।]

১২। (ক) প্রার্থী প্রতিবন্ধী কিনা? (হ্যাঁ/না) .....

[প্রতিবন্ধী কোটার প্রার্থী হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি সঙ্গে দিতে হবে।]

(খ) প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থী কিনা? (হ্যাঁ/না) .....

[প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থী হলে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি সঙ্গে দিতে হবে।]

**টিকাঃ** সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষকে সুস্পষ্ট হইতে হইবে যে, উল্লিখিত ভূতপূর্ব সামরিক বাহিনী কর্মচারীদের অব্যাহতি সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধার ও প্রতিবন্ধী প্রার্থী কর্তৃক দাখিলকৃত সার্টিফিকেট যথাযথ ও সন্তোষজনক।

১৩। ফৌজদারী রাজনৈতিক বা অন্য কোন মামলায় গ্রেফতার, অভিযুক্ত বা দণ্ডিত এবং নজরবন্দী বা বহিষ্কার হইয়াছেন কিনা, হইয়া থাকিলে তারিখসহ পূর্ণ বিবরণ দিতে হইবেঃ

১৪। নিকট আত্মীয়-স্বজনের কেহ অর্থাৎ ভাই, ভগ্নি, আপন চাচা, শশুরের দিকের আত্মীয়-স্বজন বাংলাদেশ সরকারের চাকুরীতে নিযুক্ত থাকিলে, পদের নাম ও কর্মস্থল উল্লেখ পূর্বক বিবরণঃ

ক্রম	আত্মীয়-স্বজনের নাম	পদের নাম	কর্মস্থান

১৫। প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে সর্বশেষ অধ্যয়ন করিয়াছেন উহার প্রধানের নিকট হইতে একটি চরিত্রগত সার্টিফিকেট এই সঙ্গে দিতে হইবে।

১৬। প্রার্থীর চরিত্র ও পূর্ব পরিচয়ের সম্পর্কে সাক্ষ্য দিতে পারেন কিন্তু প্রার্থীর সহিত আত্মীয়তার সূত্রে আবদ্ধ নহেন এমন দুই ব্যক্তির ঠিকানাসহ নাম (সংসদ সদস্য, প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, সিনিয়র লেকচারার ও বেসরকারী মহাবিদ্যালয়ের অধ্যক্ষ):

ক্রম	নাম	ঠিকানা

১৭। বিবাহিত বা অবিবাহিত (বিবাহিত হইলে বা বিবাহের প্রস্তাব থাকিলে কাহাকে বিবাহ করা হইয়াছে বা বিবাহ করার প্রস্তাব রহিয়াছে তাহার নাগরিকত্ব উল্লেখ করিতে হইবে):

আমি শপথ পূর্বক বলিতেছি যে, উপরে প্রদত্ত বিবরণসমূহ আমার জানামতে সঠিক। মিথ্যা তথ্যের জন্যে প্রার্থীতা/পরীক্ষা বাতিলসহ আমার বিরুদ্ধে প্রযোজ্য অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে।

প্রার্থীর স্বাক্ষর

প্রেরণকারী অফিসারের স্বাক্ষর ও পদবি এবং  
পুরো ঠিকানাসহ অফিসের নাম ও তারিখ।

২য় ভাগ (জেলা স্পেশাল পুলিশ সুপারিনটেনডেন্ট /বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ পূরণ করিবেন)

---

উপযুক্তঃ-

নিম্নোক্ত কারণের জন্য অনুপযুক্তঃ-

স্থানঃ-

তারিখঃ-

.....  
পুলিশ সুপারিনটেনডেন্ট, জেলা স্পেশাল ব্রাঞ্চ / ডেপুটি  
ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, স্পেশাল ব্রাঞ্চ,  
বাংলাদেশ।

---

**টিকাঃ** প্রত্যয়নে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন কিছু না পাওয়া গেলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চ-এর ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ জবাবসহ ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষের নিকট সরাসরি ফেরত পাঠাইবেন।

কিন্তু যদি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে রেকর্ডে কোন তথ্য পাওয়া যায় তাহা হইলে জেলা স্পেশাল ব্রাঞ্চের পুলিশ সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ স্পেশাল ব্রাঞ্চ-এর ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশের মাধ্যমে জবাবসহ এই ফরমটি প্রেরণকারী কর্তৃপক্ষের নিকট ফেরত পাঠাইবেন।

প্রতি স্বাক্ষরিত  
ডেপুটি ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ  
স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ।